# জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৬৬: জুতা পায়ে ক্বরর স্থানে যাওয়ার হুকুম কি? রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেন, ‘হে জুতাওয়ালা, তোমার জুতা জোড়া খুলো’।[1] এই দলীল কি সঠিক?

বিদ্বানগণ বলেন, জুতা পায়ে ক্বরস্থানে যাওয়া মাকরূহ। তারা এ হাদীছকে দলীল হিসাবে পেশ করেছেন। তবে তারা বলেছেন, প্রয়োজনের তাকীদে জুতা পায়ে ক্বরস্থানে গেলে কোনো সমস্যা নেই। যেমনঃ সূর্যতাপে ক্বরস্থানের মাটি খুব গরম থাকলে, সেখানে কাঁটা থাকলে ইত্যাদি।

## ফুটনোট

[1]. আবূ দাঊদ, ‘জানাযা’ অধ্যায়, হা/৩২৩০; নাসাঈ, ‘জানাযা’ অধ্যায়, হা/২০৪৮; ইবনু মাজাহ, ‘জানাযা’ অধ্যায়, হা/১৫৬৮; আহমাদ, ‘জানাযা’ অধ্যায়, ৫/৮২; বাশীর রাদিয়াল্লাহু ‘আনহু থেকে হাদীছটি বর্ণিত হয়েছে। আলবানী হাদীছটিকে ‘হাসান’ বলেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1723

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন